



# বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট : www.pib.gov.bd ই-মেইল : dgpiib@yahoo.com

স্মারক সংখ্যা : ১৫.৬২.০০০০.০০২.১৮.০৩(৮).১৭-৫১০

তারিখ : ৩০.১১.২০১৭

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি)-এর নিম্নলিখিত শূণ্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। তবে যারা ইতিপূর্বে উক্ত পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল  | পদের সংখ্যা | বয়স  | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|---------|---|-------------|---|---|
| ১.      | ড্রাইভার<br>৯৭০০-২৩৪৯০/-<br>(গ্রেড-১৫)<br>(জাতীয় বেতনস্কেল<br>২০১৫ অনুযায়ী) | ১(এক)টি     | ৩০ বছর<br>পর্যন্ত।<br>সবিশেষ<br>অভিজ্ঞ প্রার্থীর<br>ক্ষেত্রে<br>শিথিলযোগ্য। | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া। ড্রাইভার হিসেবে ৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ হালকা/ভারী যান চালাবার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

## শর্তাবলীঃ

- প্রার্থীকে দরখাস্ত বাংলায় লিখতে হবে।
- প্রার্থীকে আবেদন পত্র প্রেরণের খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- বিভাগীয় প্রার্থীগণ স্ব-স্ব বিভাগের মাধ্যমে আবেদন করতে পারবেন।
- প্রার্থীর বয়স বিজ্ঞপ্তিতে বর্ণিত তফসিল অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
  - শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
  - ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত কপি।
  - আবেদনকারী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই জেলার স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
  - প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদের (নামসহ সীল) মূল কপি।
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
  - অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি।
- মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা নাতি/নাতনীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থী নির্বাচনে জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। দাবীকৃত কোটার স্বপক্ষে যথাযথ সার্টিফিকেটের কপি প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল) কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- আবেদনের সাথে প্রার্থীদেরকে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যংক ড্রাফট “মহাপরিচালক, পিআইবি, ঢাকা-১০০০”-এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- লিখিত/মৌখিক/ব্যবহারিক গাড়ী চালনা পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র বাছাই ও প্রার্থী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত ছকে মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্র আগামী ২১.১২.২০১৭ খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে পৌছাতে হবে। ছকটি বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের ওয়েবসাইটে ([www.pib.gov.bd](http://www.pib.gov.bd)) পাওয়া যাবে।

(মো. জাকির হোসেন)

উপ-পরিচালক (প্রশাসন)

চলতি দায়িত্ব